দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAR 1993
পৃষ্ঠা ৫ কলাম ৬

# ১০টি কলেজের ডিগ্রী পরীক্ষা বাতিল প্রশ্নে হাইকোর্টে রীট দাখিল

ঠাকুরগাঁও সংবাদদাতাঃ ১৯৯১ সালের (১৯৯২-তে অনুষ্ঠিত) বি,এ (পাস) পরীক্ষায় অংশগ্রহণকারী একজন পরীক্ষার্থী পরীক্ষা বাতিলের বিরুদ্ধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে (স্পেশাল অরিজিনাল জুরিডিক্সন) রাজশাহী বিশ্ববিদ্যালয়, ভাইস চ্যান্সেলর ও পরীক্ষাসমূহের নিয়ন্ত্রকের বিরুদ্ধে একটি রীট আবেদন দাখিল করেন। দিনাজপুর আদর্শ কলেজের ছাত্র মোঃ নুরুজ্জামান এই রীট আবেদন দাখিল করেন। পরবর্তীতে বিচারপতি আনোয়ারুল হক চৌধুরী ও বিচারপতি খোন্দকার মাহমুদ-উল-হাসান এই রীট পিটিশনের শুনানি গ্রহণপূর্বক ঠাকুরগাঁও সরকারী কলেজ, দিনাজপুর আদর্শ কলেজ, দিনাজপুর কেবিএম কলেজ, গাইবান্ধা কলেজ, সাদুল্লাপুর কলেজ, গোবিন্দগঞ্জ কলেজ, রংপুর সরকারী কলেজ, কাউনিয়া কলেজ, বদরগঞ্জ কলেজ, সাথিয়া কলেজ ও আমলা সরকারী কলেজের ১৯৯১ সালের পরীক্ষা বাতিল সংক্রান্ত সকল কাগজপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে চাহিয়া নোটিস দেন।